গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mora.gov.bd

বিষয়ঃ <u>উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন সংক্রান্ত সভার কার্যবিবরনী</u>

সভাপতি : মুঃ আঃ আউয়াল হাওলাদার, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ২৮.০২.২০২১ খ্রি., বিকাল ৩.০০ ঘটিকা

সভার স্থান : অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-ক (সংযুক্ত)

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ৬.২ অনুচ্ছেদ মোতাবেক উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন সভায় এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার জনাব মুঃ আঃ আউয়াল হাওলাদার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয় ও সংস্কার), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ৬.২ অনুচ্ছেদ মোতাবেক উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন বিষয়ে সভাকে অবহিত করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রম | কার্যক্রম | আলোচনা/বাস্তবায়ন | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ২০২০ সালের নিবন্ধিত হজযাত্রীদের অনলাইন রিফান্ড সিস্টেম | ২০২০ সালে করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবের কারণে রাজকীয় সৌদি সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বহির্বিশ্ব থেকে কোন হজযাত্রী পবিত্র হজে অংশগ্রহণ করতে পারেননি। উদ্ভূত পরিস্থিতিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী একজন নিবন্ধিত হজযাত্রী তাঁর ইচ্ছানুযায়ী অনলাইনে আবেদন করে নিবন্ধন বাতিল করতে পারছেন। করোনা পরিস্থিতির কারণে উক্ত নিবন্ধন বাতিল প্রক্রিয়া সুষ্ঠু ও সহজভাবে সম্পন্ন করার জন্য হজযাত্রীদের অনলাইন রিফান্ড সিস্টেম নামে একটি উদ্ভাবনী উদ্যোগ নেয়া হয় যার মাধ্যমে হজযাত্রীদের নিবন্ধন বাতিল (নিবন্ধন রিফান্ড) প্রক্রিয়া সহজিকরণ করা হয়।<br>হজযাত্রী অথবা হজযাত্রী সংশ্লিষ্ট হজ এজেন্সি https://prp.pilgrimdb.org/refund-reg/new-application লিংক থেকে অনলাইনে আবেদনের মাধ্যমে হজ-২০২০ এর নিবন্ধন বাতিল করতে পারেন। অনলাইনে আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে তা অনলাইনেই সুপারিশ এবং মন্ত্রণালয় থেকে অনুমোদনের ভিত্তিতে ব্যাংক তা হজযাত্রী বা হজযাত্রীর সংশ্লিষ্ট হজ এজেন্সির ব্যাংক একাউন্টে BEFTN/Pay Order এর মাধ্যমে কোন প্রকার অর্থ কর্তন ছাড়াই প্রদান করা হচ্ছে এবং তা চলমান রয়েছে। এর ফলে একজন হজযাত্রী তাদের নিবন্ধন বাতিল (নিবন্ধন রিফান্ড) করতে পারছেন এবং খুব সহজে সমুদয় অর্থ ফেরত পাচ্ছেন।<br>এযাবত ৩,৩৩৯ জন হজযাত্রী উক্ত সিস্টেমের মাধ্যমে নিবন্ধন রিফান্ড সফলভাবে সম্পন্ন করছেন। | এ উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়িত হয়েছে। এ বিষয়ে বিস্তারিত sps প্রসেস ফ্লোসহ ১টি ডকুমেন্ট তৈরী করতে হবে। |
| ২. | দুঃস্থদের সহায়তার জন্য অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং ডিজিটাল পদ্ধতিতে অনুদান প্রদান | ক। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি অর্থবছর দুঃস্থ ব্যক্তিদের পুনর্বাসনে অনুদান প্রদান করা হয়ে থাকে। দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ করার জন্য ইতিমধ্যে আবেদন প্রক্রিয়ায় দুইটি ধাপ কমিয়ে আনা হয়েছে যার মাধ্যমে একজন উপকারভোগী পূর্বের চেয়ে অনেক সহজে এবং কম খরচে আবেদন জমা দিতে পারেন। উক্ত প্রক্রিয়া বাস্তবায়নের জন্য দুঃস্থ অনুদানের আবেদন ফর্মটি গত ২৫ অক্টোবর ২০২০ খ্রি তারিখে পরিবর্তন/সহজ করা হয়, পরবর্তীতে ১৮ | এ উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়িত হয়েছে। এ বিষয়ে বিস্তারিত sps প্রসেস ফ্লোসহ ১টি ডকুমেন্ট তৈরী করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | নভেম্বর, ২০২০ তারিখ হতে ফরম বিতরণ শুরু হয়। উক্ত সহজিকরণ প্রক্রিয়া গ্রহণের ফলে উপকারভোগীগণ উপকৃত হচ্ছেন এবং অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ সফলভাবে সম্পন্ন হচ্ছে।<br>খ। এছাড়াও দুঃস্থদের সহায়তার জন্য G2P পদ্ধতিতে উপকারভোগীর ব্যাংক হিসেবে EFT (Electronic Fund Transfer) অথবা মোবাইলে MFS (Mobile Financial Services) এর মাধ্যমে অনুদান প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়। এর আলোকে গত ১০ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ যুগ্মসচিব (বাজেট ও অনুদান) এর সভাপতিত্বে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দুঃস্থদের সহায়তার জন্য ডিজিটাল পদ্ধতিতে iBAS++ এর একটি কাস্টমাইজ টেমপ্লেটের মাধ্যমে উপকারভোগীর ব্যাংক হিসেবে EFT অথবা মোবাইলে MFS এর মাধ্যমে অনুদান প্রদানের কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৩. | হজ ব্যবস্থাপনায় এজেন্সির ই-প্রোফাইল ম্যানেজমেন্ট (এজেন্সির বিস্তারিত তথ্য (ফরম-২৫) আবেদন ফরম, নিবন্ধন/নবায়ন এবং আনুষঙ্গিক অনলাইন প্রোফাইল ম্যানেজমেন্ট) | বেসরকারি ব্যবস্থাপনার হজ কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত হজ এজেন্সির বিস্তারিত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত এর কাজ সম্পন্ন হয়েছে। উক্ত সিস্টেমে একজন হজ এজেন্সির স্বত্বাধিকারী/মালিক তার এজেন্সির যাবতীয় তথ্য (ফরম-২৫) পূরণ করে এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে (ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, সিভিল এভিয়েশন সনদ, অফিস ভাড়া চুক্তিপত্র/মালিকানা দলিল ইত্যাদি) হজ ব্যবস্থাপনা সিস্টেমে সাবমিট করবেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুমোদিত ব্যবহারকারী সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে যাবতীয় ডকুমেন্ট যাচাই-বাছাই করে তা সুপারিশ করবে এবং মন্ত্রণালয়ের একজন অনুমোদনকারী তা অনুমোদন করবেন। এছাড়াও উক্ত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমে এজেন্সির নিবন্ধন/নবায়ন, বিগত বছরগুলোতে হজ কার্যক্রমের তথ্য, প্যাকেজ, শাস্তির তথ্যসহ প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে। অধিকন্তু, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সি ডাটাবেজের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ এজেন্সির প্রোফাইল ম্যানেজমেন্ট ডাটাবেজের আন্তঃসংযোগ (Integration) সম্পন্ন হয়েছে যার ফলে হজ এজেন্সি কর্তৃক ফরম-২৫ এ প্রদানকৃত ট্রাভেল লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সির ডাটাবেজ থেকে পাওয়া যাবে। | এ উদ্যোগটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। একটি ডকুমেন্টও প্রস্তুত করতে হবে। |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২.০৩.২০২১
(মুঃ আঃ আউয়াল হাওলাদার)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
চীফ ইনোভেশন অফিসার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়